

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পাট-১)/২৬৯১

তারিখ ৪০১ .০৭.২০১৯

বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত জুন-২০১৯ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিসসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাড্‌ইং শেখ হাসিনা) বিষয়ক আলোচনা সভা, চলচ্চিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী তথ্য অভিযান এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জুন-২০১৯ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী : প্রতিবেদন এক প্রস্থ।



(মোঃ তৈয়ব আলী)

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

ফোন ৯৩৩৫৬৫৩।

[dgmasscommunication@yahoo.com](mailto:dgmasscommunication@yahoo.com)

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী পরিচালক (বিতরণ), ওয়েবসাইটে প্রকাশের জন্য।

## জুন-২০১৯ (২য় পক্ষ)

### ● জনমত শিরোনাম


— ২০১৯-২০ অর্থবছরের বাজেট দেশকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে বলে জনগণের আশাবাদ ব্যক্ত

— নতুন অর্থবছরের (২০১৯-২০) বাজেট পাশের পর নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখার প্রত্যাশা জনসাধারণের

— গ্রীষ্মের তীব্র তাপদাহে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ জনসাধারণের

— দেশের রাজনৈতিক পরিস্থিতি স্বাভাবিক ও শান্ত রয়েছে বলে জনমতে প্রকাশ

— মাদক সংক্রান্ত অপরাধ নির্মূলে কর্তৃপক্ষের অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ



☐ ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট দেশকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে বলে জনগণের আশাবাদ ব্যক্ত

• ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট দেশের উন্নয়নকে ত্বরান্বিত করবে এবং দেশকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে বলে জনগণ আশাবাদ ব্যক্ত করেছে। ২০২১ সালে মধ্যম আয়ের ও ২০৪১ সালে উন্নত দেশ গড়ার লক্ষ্য নিয়ে সরকার কাজ করছে। বর্তমান বাজেট সেই লক্ষ্যে পৌঁছাতে সহযোগিতা করবে এবং দেশের প্রত্যেক মানুষ এই বাজেটে উপকৃত হবে বলে জনসাধারণ আশা প্রকাশ করেছে।

☐ নতুন অর্থবছরের (২০১৯-২০) বাজেট পাশের পর নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখার প্রত্যাশা জনসাধারণের

• ২০১৯-২০ অর্থবছরের বাজেট পাশের পর দ্রব্যমূল্য যেন স্থিতিশীল থাকে সে বিষয়ে আশাবাদ ব্যক্ত করেছে সাধারণ জনগণ। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যাশা জনসাধারণের।

• সাধারণ জনগণ ফলমূলসহ বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্য যেন নিরাপদ ও ভেজালমুক্ত থাকে, সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ভেজালবিরোধী অভিযান অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করেছে।

☐ গ্রীষ্মের তীব্র তাপদাহে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ জনসাধারণের

• গ্রীষ্মের তাপদাহের ফলে শিশুসহ সকল বয়সের মানুষ অসুখে আক্রান্ত হয়ে সরকারি হাসপাতালে সেবা নিতে আসছে। হাসপাতালে জনবল ও যন্ত্রপাতির সরবরাহ বৃদ্ধি করে সেবা কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যাশা জনসাধারণের।

*Shuch*

## ☐ দেশের রাজনৈতিক পরিস্থিতি স্বাভাবিক ও শান্ত রয়েছে বলে জনমতে প্রকাশ

• দেশের রাজনৈতিক পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক ও শান্তিপূর্ণ রয়েছে। সাধারণ জনগণ বর্তমান পরিস্থিতিতে স্বস্তিতে রয়েছে। সার্বক্ষণিক এ ধরনের পরিবেশ বজায় রাখতে সহযোগিতা করার জন্য সাধারণ জনগণ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

## ☐ মাদক সংক্রান্ত অপরাধ নির্মূলে কর্তৃপক্ষের অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ

• মাদক সংক্রান্ত অপরাধের সাথে দেশের সীমান্তবর্তী জেলাসমূহের কিশোর-তরুণরা জড়িয়ে পড়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে অভিভাবকসহ সচেতনসমাজ।

• সীমান্ত সংলগ্ন জেলাসহ মাদক পাচারের রুট খুঁজে বের করে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছে সাধারণ জনগণ। এছাড়া, মাদক সংক্রান্ত অপরাধ নির্মূলে কর্তৃপক্ষের অভিযান জোরদার করার দাবিও জানিয়েছে তারা।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

*Shukla*

02.09.2022

শুকলা বনিক  
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার